

নিরীহ ছাত্রীদের নিরাপত্তা দিতে ব্যর্থ সরকার ক্ষমতায় থাকার নৈতিক অধিকার হারিয়েছে

শেখ হাসিনা

ইউএনবি ও বিরোধী দলের নেত্রী শেখ হাসিনা গতকাল বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের হলে নির্লজ্জ হামলা এবং নিরীহ ছাত্রীদের নিরাপত্তা দিতে পুরোপুরিভাবে ব্যর্থ হওয়ায় এই সরকার ক্ষমতায় থাকার নৈতিক অধিকার হারিয়েছে। মুক্তরাষ্ট্রে অবস্থান করেও শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ ঘটনা সম্পর্কে তার

দল থেকে খবরাখবর নিচ্ছেন। তিনি স্বরাষ্ট্রমন্ত্রী, শিক্ষামন্ত্রী, জাইস চ্যাম্পেলর এবং বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে গভীররাতে পুলিশী অভিযানের সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানান। শেখ হাসিনা বলেন, এটা গোটা জাতির জন্য মর্মান্তিক ও লজ্জাজনক ঘটনা।

শেখ হাসিনা প্রথম পৃষ্ঠায় পর।

গভীররাতে ছাত্রীদের ওপর পুলিশের এ ধরনের ঘৃণ্য হামলা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে অতীতে আর কখনো দেখা যায়নি। তিনি আরো বলেন, বিএনপি-জামায়াত সরকারের বর্বরতা বাংলাদেশের ভাবমূর্তিকে কলঙ্কিত করেছে।

শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান ছাত্র আন্দোলনের সাথে পূর্ণসংহতি প্রকাশ করেন এবং অত্যাচারী, হত্যাকারী ও দুর্নীতিগ্রস্ত সরকারের বিরুদ্ধে জানগণকে সক্রিয় প্রতিরোধ গড়ে তোলার আহবান জানান।

শিক্ষার সর্বোচ্চ গীঠস্থানে ছাত্রীদের ওপর বর্বরোচিত হামলার প্রতিবাদে কড়া ভাষায় বিবৃতি প্রদান করে শেখ হাসিনা আরো বলেন, কোন অবস্থাতেই আমরা এ ধরনের বর্বরোচিত আচরণ সহ্য করবো না। তিনি অত্যাচারী ও দুর্নীতিগ্রস্ত সরকারের পতনের লক্ষ্যে প্রতিরোধ গড়ার জন্য জনগণের প্রতি আহবান জানান।